**AKASHVANI KOLKATA**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 01-08-2026** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশে আল্লুরি সীতারাম রাজু আন্তর্জাতিক বিমান বন্দরের উদ্বোধন করেছেন। তিনি ১৮,০০০ কোটি টাকা মূল্যের একাধিক প্রকল্প জাতির উদ্দেশ্যে উৎসর্গ করছেন।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, বিভিন্ন পরীক্ষায় অনিয়ম রুখতে সংসদে পাশ হওয়া .পাবলিক এক্সামিনেশনস (প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স) সংশোধনী বিল, ২০২৬-এ অনুমোদন দিয়েছেন।

৩) দিল্লীতে পড়ুয়াদের বিক্ষোভের ঘটনায় তরুণ তরুণীদের বিরুদ্ধে আইনী প্রক্রিয়া চালানোর পরিবর্তে দেশ গঠনের স্বার্থে তাদের সঠিক দিশা দেখানো উচিত বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেছেন।

৪) ভারত ও চীনের মধ্যে আজ সিকিমের নাথুলা গিরিপথ দিয়ে বাণিজ্য পুনরায় শুরু হতে চলেছে।

৫) বিদেশমন্ত্রী ডক্টর এস. জয়শঙ্কর, ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

৬) উড়িষ্যায় বন্যা পরিস্থিতি এখনও উদ্বেগজনক।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশের বিজয়নগরম জেলার ভোগপুরামে আল্লুরি সীতারাম রাজু আন্তর্জাতিক বিমান বন্দরের উদ্বোধন করেছেন। বিমান বন্দরে পৌঁছানোর পর প্রধানমন্ত্রীকে স্বাগত জানান অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল এস.আফদুল নাজির, মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু, উপমুখ্যমন্ত্রী পবন কল্যাণ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। যাত্রী টার্মিনালের উদ্বোধন করে প্রধানমন্ত্রী গ্রিন ফিল্ড বিমান বন্দরটি হেঁটে প্রদক্ষিণ করেন। শ্রী মোদী বিমান বন্দরটির খুঁটিনাটিও পর্যালোচনা করনে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ঐতিহ্যপূর্ণ থিমসা নাচের অনুষ্ঠান পরিদর্শন করেন প্রায় ১৩,৫০০ আদিবাসী মহিলা এই অনুষ্ঠগানে যোগ দিয়ে উত্তর অন্ধ্রপ্রদেশের আদিবাসী সংস্কৃতির একাধিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী একাধিক প্রকল্পের শিলান্যাস এবং সূচনা অনুষ্ঠানে যোগ দেওয়ার উদ্দেশ্যে রওনা দেন।

উল্লেখ্য প্রধানমন্ত্রী আজ একদিনের অন্ধ্রপ্রদেশ ও কর্ণাটক সফরে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

তিনি প্রথমে অন্ধ্রপ্রদেশের বিজয়নগরম জেলার ভোগপুরামে প্রায় ১৮ হাজার কোটি টাকা মূল্যের একাধিক প্রকল্প জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন।

অন্ধ্রপ্রদেশ সফর শেষে প্রধানমন্ত্রী কর্ণাটকের মাইসুরুতে পৌঁছবেন। সেখানে ১৮৯২ সালের নভেম্বরে ভারত ভ্রমণের সময় স্বামী বিবেকানন্দের মহীশূর সফরের ঐতিহাসিক স্মৃতিবিজড়িত ‘স্বামী বিবেকানন্দ সাংস্কৃতিক যুব কেন্দ্র - বিবেক স্মারক’-এর উদ্বোধন করবেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এক জনসমাবেশে ভাষণ দেবেন।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, বিভিন্ন পরীক্ষায় অনিয়ম রুখতে সংসদে পাস হওয়া ‘পাবলিক এক্সামিনেশনস (প্রিভেনশন অফ আনফেয়ার মিনস) সংশোধনী বিল, ২০২৬’-এ অনুমোদন দিয়েছেন। এর ফলে, বিলটি আইনে পরিণত হল। গত বৃহস্পতিবার সংসদে এই বিলটি পাস হয়। পড়ুয়াদের ভবিষ্যৎ সুরক্ষিত করার পাশাপাশি পরীক্ষায় দুর্নীতি ও অনিয়ম রোধ করাই এই আইনের লক্ষ্য। অভিযোগ প্রমাণিত হলে দোষীদের দশ বছর পর্যন্ত কারাদণ্ড, সর্বোচ্চ দশ কোটি টাকা পর্যন্ত আর্থিক জরিমানা এবং অপরাধীদের সম্পত্তি বাজেয়াপ্ত করার মতো কঠোর শাস্তির সংস্থান রয়েছে এই আইনে।

মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে, এই আইনে প্রতিটি রাজ্য সরকার ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনকে দৈনন্দিন বিচার প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। থানায় অভিযোগ নথিভুক্ত হওয়ার তারিখ থেকে দু’মাসের মধ্যে তদন্তপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে। চার্জশিট দাখিলের তিন মাসের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করতে হবে বলেও এই আইনে উল্লেখ করা হয়েছে।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কারোর প্রতি অশালীন শব্দ প্রয়োগ ক’রে, কটূক্তি বা ঘৃণা প্রদর্শন ক’রে কোনো সমস্যার সমাধান হয় না। তিনি বিপথগামী তরুণদের প্রতি সহানুভূতি প্রদর্শনের আহ্বান জানিয়ে বলেন, তাদের, শাস্তি দেওয়ার পরিবর্তে দেশ গঠন ও জাতীয় স্বার্থের কথা মাথায় রেখে সঠিক পথে পরিচালিত করা উচিত। নিজের সমাজমাধ্যম অ্যাকাউন্টে পোস্ট করা এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী জাতীয় রাজধানীর যন্তর মন্তরে সাম্প্রতিক পড়ুয়াদের বিক্ষোভের কথা উল্লেখ করেন। তিনি বলেন, সেখানে কয়েকজন বিরূপমনোভাবাপন্ন শিক্ষার্থী তাঁকে এবং তাঁর প্রয়াত মাকে লক্ষ্য ক’রে কুরুচিকর ভাষা ব্যবহার করেছিল। এ-ধরনের আচরণের কারণে

সমাজে ক্ষোভ ও হতাশা তৈরি হয়েছে। তবে এ-কথা মনে রাখা প্রয়োজন যে শৈশব হলো শেখা, ভুল করা এবং সেই ভুল শুধরে নেওয়ার একটি পর্যায়।

বাইট মোদী

-----------------

পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে কঠোর পদক্ষেপের কথা নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটি ফেসবুক পোস্ট "রেস্ট্রিক্ট" করার জেরে কেন্দ্রীয় সরকার সমাজমাধ্যম সংস্থা মেটা-র গ্লোবাল টিমকে তলব করেছে। তাদের অ্যালগরিদম কীভাবে কাজ করে, সে-বিষয়ে স্পষ্ট ব্যাখ্যা চাওয়া হবে।

-----------------

জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলার কেলাম এলাকায় দুষ্কৃতি হামলায় আহত এক শ্রমিক শ্রীনগরের একটি হাসপাতালে আজ সকালে মারা গেছেন। এর ফলে মৃতের সংখ্যা বেড়ে হল দুই। গতসন্ধ্যায় এক ইটভাটায় কর্মরত এই দুই শ্রমিকের ওপর অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা গুলি চালায়। ঘটনার পরপরই এলাকাটি ঘিরে ফেলা হয় এবং দুষ্কৃতীদের খুঁজে বের করতে ব্যাপক তল্লাশি অভিযান চালানো হচ্ছে। উপরাজ্যপাল মনোজ সিনহা ও মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ শ্রমিকদের হত্যার তীব্র নিন্দা করেছেন এবং নিহতদের পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন। মুখ্যমন্ত্রী নিহতদের নিকটাত্মীয়দের জন্য 'মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল' থেকে মাথাপিছু ১০ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদানের ঘোষণা করেছেন; এর পাশাপাশি কুলগাম জেলা প্রশাসন তাৎক্ষণিক সহায়তা হিসেবে ৬ লক্ষ টাকা প্রদান করবে।

-----------------

ভারত ও চীনের মধ্যে আজ সিকিমের নাথু লা গিরিপথ দিয়ে বাণিজ্য পুনরায় শুরু হতে চলেছে। কোভিড-১৯ কারণে ২০২০ সাল থেকে ছ'বছর ধরে এই পথে বাণিজ্য স্থগিত ছিল। এর ফলে, সীমান্ত লাগোয়া এলাকার পরিবহন সংস্থা ও সংশ্লিষ্ট ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি উপকৃত হবে বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, চার দশকেরও বেশি সময় বন্ধ থাকার পর ২০০৬ সালে নাথু লা দিয়ে দু'দেশের মধ্যে বাণিজ্য ফের চালু হয়েছিল।

-----------------

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর গত সন্ধ্যায় ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। ওই অঞ্চলে সংঘাত-পরিস্থিতি নিয়ে ভারতের গভীর উদ্বেগের কথা জানিয়েছেন। ড. জয়শঙ্কর জোর দিয়ে বলেন, বাণিজ্যিক জাহাজ ও নাবিকদের হামলার লক্ষ্যবস্তু করা কখনোই উচিৎ নয়। এ-ধরনের যেকোনো হামলার নিন্দা করে ভারত। তিনি বলেন, ভারত সর্বদা আলোচনা ও কূটনীতির পক্ষে।

-----------------

অর্থনৈতিক সম্পর্ক সচিব সুধাকর ডালেলা ,রিপাবলিক অফ বেনিনের জাতীয় দিবস উদযাপনের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন। সমাজ মাধ্যমের এক বার্তায় বিদেশ মন্ত্রকের মুখপত্র রনধীর জয়সওয়াল জানিয়েছেন, অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী ডালেলা ফের ভারত ও বেনিনের মধ্যে দৃঢ় সম্পর্ক স্থাপনের অঙ্গীকারের কথা ঘোষণা করেন। এক বৈঠকে অর্থনৈতিক সচিব দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট একাধিক ক্ষেত্রে সহযোগিতা আরও এগিয়ে নিয়ে যাওয়ার দ্বায়বদ্ধতার কথা ব্যাক্ত করেন।

-----------------

ভারত, আসন্ন অষ্টাদশ ব্রিকস শিখর সম্মেলনে অংশ নেওয়ার জন্য রাশিয়াকে আমন্ত্রণ জানিয়েছে। রাশিয়ার সংবাদ সংস্থা এ-খবর নিশ্চিত করেছে। এর আগে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্মেলনে যোগ দেওয়ার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানিয়েছেন বলে গত বুধবার সে-দেশের বিদেশমন্ত্রক নিশ্চিত করেছিল। উল্লেখ্য, আগামী ১২ সেপ্টেম্বর নতুনদিল্লিতে ভারতের পৌরহিত্যে শুরু হতে চলেছে দু'দিনের ব্রিকস শিখর সম্মেলন।

এদিকে, নতুনদিল্লিতে গতকাল বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল সাংবাদিকদের বলেন, ব্রিকস সম্মেলন আয়োজনের জন্য প্রস্তুতি তুঙ্গে।

-----------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ইরানের বিরুদ্ধে নতুন ক'রে হামলা চালানোর নির্দেশ দিয়েছেন। জর্ডনে অবস্থিত মার্কিন সেনা ঘাঁটিতে হামলার পর প্রেসিডেন্ট ট্রাম্প ইরানের সঙ্গে কূটনৈতিক আলোচনার ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন তোলেন এবং কঠোর সামরিক পদক্ষেপের হুঁশিয়ারি দেন। ইরানের বিদ্যুৎ কেন্দ্র ও তেল শোধনাগারসহ দেশটির জ্বালানি পরিকাঠামোতে আঘাত হানার কথা ওয়াশিংটন ভাবছে বলে একটি মার্কিন সংবাদমাধ্যম সূত্রে খবর।

-----------------

ইউক্রেনের কিয়েভে রাশিয়ার রাতভর ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় তিনজন প্রাণ হারিয়েছেন। আহত ১২ জনেরও বেশি। কিয়েভের মেয়র ভিতালি ক্লিৎস্কো জানিয়েছেন, সলোমিয়ানস্কি জেলায় পাঁচতলা একটি আবাসিক ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। ভেতরে কয়েকজনের আটকে থাকার আশঙ্কা। তিনি আরও

জানান, শেভচেঙ্কিভস্কি জেলায় আরেকটি আবাসিক ভবন আংশিকভাবে ধসে পড়ায় ভেতরে আটকে পড়েছেন অনেকে।

-----------------

ওড়িশায় বন্যাপরিস্থিতি এখনো উদ্বেগজনক। বেশ কয়েকটি নদীর জল বিপদসীমার ওপর দিয়ে অতিক্রম করায় শতাধিক গ্রাম জলমগ্ন। মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি আজ সকালে বন্যা কবলিত ভদ্রক, বালাসোর, জাজপুর ও কেওনঝড় সহ কয়েকটি এলাকা পরিদর্শ করবেন। খতিয়ে দেখবেন ত্রাণ ও উদ্ধার কাজ।

এদিকে, হীরাকুদ বাঁধে জলস্তর ৬২৫ দশমিক ৪/৭ ফিটে পৌঁছেছে। জলের গতি অব্যাহত রাখতে খুলে দেওয়া হয়েছে ২২টি গেট। নদী সংলগ্ন এলাকায় গ্রামগুলির পাশাপাশি চাষের ক্ষেতেও জল ঢুকেছে। বিঘ্নিত স্বাভাবিক জনজীবন। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ভদ্রক জেলায় আজ স্কুলে ছুটি ঘোষোনা করা হয়েছে।

ভারতীয় আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ২০ টি জেলায় ভারী বৃষ্টিপাতের হলুদ সতর্কতা জারী করেছে।

অন্যদিকে, কেরালমে ভারী বৃষ্টি অব্যাহত। রাজ্যের ১৪টি জেলার মধ্যে আটটিতে লাল, তিনটিতে কমলা এবং তিনটিতে হলুদ সতর্কতা জারি রয়েছে। নয়টি জেলায় শিক্ষা - প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। প্রবল বৃষ্টিতে বিভিন্ন এলাকায় ধস ও বন্যার সৃষ্টি হয়েছে। কুডায়াথুরে ধসে একটি বাড়ি ক্ষতিগ্রস্ত এবং একজন নিখোঁজ। কয়েকটি নদীর জল উপচে শহর ও জাতীয় সড়কের বেশ কিছু অংশ প্লাবিত হয়েছে। জলস্তর বাড়ায় তিনটি বাঁধের কপাট খুলে দেওয়া হয়েছে। রাজ্যের সমুদ্র উপকূলে দু'দিন মাছ ধরায় নিষেধাজ্ঞা জারি হয়েছে।

-----------------

কমনওয়েলথ গেমসে জুডোয় প্রথমবার দুটি সোনা পেয়ে ইতিহাস গড়েছে ভারত। অস্মিতা দে এবং হর্ষ সিং ভারতের হয়ে কমনওয়েলথ গেমসে প্রথম সোনা জয় করেন। যামিনী মৌর্য রুপো জেতেন।

পুরুষদের জ্যাভলিন থ্রোয়ে ৮৫ দশমিক ৮/৩ মিটার দূরত্বে বর্শা নিক্ষেপ ক'রে নীরজ চোপড়া রুপো পেয়েছেন। ৮৫ দশমিক ৪/১ মিটার দূরত্বে বর্শা ছুঁড়ে যশবীর সিং ব্রোঞ্জ জেতেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পদকজয়ী ক্রীড়াবিদদের অভিনন্দন জানিয়েছেন।

বক্সিংয়ে, অলিম্পিক পদকজয়ী লভলিনা বরগোহাইন, অরুন্ধতী চৌধুরীবিশ্বচ্যাম্পিয়ন জেসমিন লামবোরিয়া, সহ মোট ১০ জন ভারতীয় ফাইনালে উঠেছেন। লন বলসেও ভারতের পুরুষ দল টানা চতুর্থ ম্যাচে অপরাজিত রয়েছে।

তিযোগিতায় ১২৮টি পদক নিয়ে অস্ট্রেলিয়া শীর্ষে রয়েছে। ৫টি সোনা, ১২টি রুপো এবং ৬টি ব্রোঞ্জসহ ২৩টি পদক নিয়ে ভারত রয়েছে দশম স্থানে।

----------------- -----------------